# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 23.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। সরকার বিরোধীদের সঙ্গে নিয়েই সংসদ চালাবে, বলেছেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।

২) নীট ইউ জি-তে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে তদন্তে সিবিআই এফ আই আর দায়ের করেছে। সরব হয়েছে বিরোধী দলগুলি।

৩) লোকসভা নির্বাচনের পর রাজ্য মন্ত্রিসভার প্রথম বৈঠক বসছে আগামী ২৬-শে জুন।

পুরসভা ও পুর নিগমগুলিতে নাগরিক পরিষেবার মান পর্যালোচনায় আগামীকাল বৈঠক করবে রাজ্য সরকার।

৪) বর্ধমানের কাঁকসা থেকে ধৃত জঙ্গি মহম্মদ হাবিবুল্লার ১৪ দিনের এস টি এফ হেফাজত হয়েছে।

৫) আগামী মঙ্গলবার শুরু হচ্ছে কলকাতা প্রিমিয়ালিগ ফুটবল প্রতিযোগিতা।

oooooooooooooooooooooooo

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন বসবে আগামীকাল। এই অধিবেশনে নবনির্বাচিত সাংসদরা শপথ গ্রহণ করবেন। প্রবীণ বিজেপি সাংসদ ভক্রুহরি মহাতব প্রোটেমস্পিকার বা অধ্যক্ষপ্রতীম হিসাবে সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন। ২৬শে জুন বুধবার নতুন লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হবেন। রাষ্ট্রপতি ২৭ তারিখ সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেবেন। ঐ দিনই রাজ্যসভার অধিবেশনও বসবে। তেসরা জুলাই পর্যন্ত সংসদের এই অধিবেশন চলবে।

এদিকে, আজ নতুন দিল্লিতে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, তৃণমূল কংগ্রেসের প্রবীণ সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎ করেছেন। দু-জন শুভেচ্ছা বিনিময়ের পর কিছুক্ষণ কথাবার্তা বলেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় সুদীপবাবু বলেন, অধ্যক্ষপ্রতীমকে সহায়তা করার জন্য তাঁর কাছে প্রস্তাব এলেও, দলের নির্দেশ মতোই তিনি কাজ করবেন।

(বাইট)

নেট ও নীট পরীক্ষার দুর্নীতির শিকড় আজও গভীরে বলে তিনি মন্তব্য করেন। দল নীট দুর্নীতি নিয়ে সংসদে সরব হবে বলেও সুদীপবাবু জানান।

oooooooooooooooooooooooo

এদিকে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন, বিরোধীদের সঙ্গে নিয়েই সংসদ চালাবে সরকার। সুদীপ বন্দ্যোপাধ্যায়ের দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা থেকে অনেক কিছু শেখার আছে। রাজনৈতিক মতাদর্শ আলাদা হলেও সংসদে সকলের লক্ষ্যই এক, দেশের উন্নতি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

নীট, নেট সহ একাধিক ইস্যুতে টানা পোড়েনের মধ্যেই ডাক্তারিতে স্নাতক স্তরের প্রবেশিকা পরীক্ষা নিট-ইউজিতে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ নিয়ে সিবিআই এফআইআর দায়ের করেছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের অভিযোগের ভিত্তিতেই এই এফআইআর দায়ের করা হয়েছে বলে সূত্রের খবর। সারা দেশে এসংক্রান্ত যেসব মামলা দায়ের হয়েছে , সার্বিক তদন্ত এবং বৃহত্তর ষড়যন্ত্র ফাঁস করতে সিবিআই এইসব মামলাগুলি নিজের হাতে নিতে উদ্যোগী হয়েছে।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক, পরীক্ষায় অনিয়মের অভিযোগ খতিয়ে দেখার জন্য গতকালই সিবিআই-এর হাতে তদন্তভার তুলে দেয়। মন্ত্রক জানিয়েছে, পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখতে এবং পড়ুয়াদের স্বার্থ সুনিশ্চিত করতে সরকার অঙ্গীকারবদ্ধ। কোনো ব্যক্তি বা সংস্থা এর সঙ্গে যুক্ত প্রমাণিত হলে কঠোরতম ব্যবস্থা নেওয়া হবে। কেন্দ্রীয় সরকার, সরকারি পরীক্ষায় অসদুপায় ঠেকাতে “Public Examination (Prevention of Unfair Means) Act, 2024, বলবত করেছে।

উল্লেখ্য, গত মাসের ৫ তারিখে দেশের বিভিন্ন অংশ থেকে ন্যাশনাল টেস্টিং এজেন্সি পরিচালিত নিট ইউজি পরীক্ষায় অনিয়ম, প্রতারণা, অন্যের হয়ে পরীক্ষা দেওয়া, অসাধু আচরণের নির্দিষ্ট অভিযোগ পাওয়া গেছে।

০০০০০০০০০০০০০০০

এদিকে, ডাক্তারিতে স্নাতকোত্তর ভর্তির পরীক্ষা নিট-পিজি স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। আজ এই পরীক্ষা হওয়ার কথা

ছিল। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, এই পরীক্ষাতেও অনিয়ম হয়েছে কিনা, তা খাতিয়ে দেখার পরই পরীক্ষার দিন স্থির করা হবে। ন্যাশনাল বোর্ড অফ এক্স্যামিনেশন ইন মেডিকেল সায়েন্সেস এই পরীক্ষা নিয়ে থাকে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক থেকে বলা হয়েছে, পরীক্ষার্থীদের সুবিধা এবং পরীক্ষা পদ্ধতির সুরক্ষা বজায় রাখতেই এই সিদ্ধান্ত নিতে হয়েছে।

এদিকে, ডাক্তারি এম বি বি এস প্রবেশিকা নিট ইউ জি-র গ্রেস মার্কস পাওয়া  ১৫৬৩ জনের আজ ফের পরীক্ষা নেওয়া হয়েছে।

নিট নিয়ে কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেছেন সি পি আই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

(বাইট – সেলিম)

নিট পরীক্ষা সংক্রান্ত বিতর্কের মধ্যে রাজ্য বিজেপি-র মুখপাত্র তথা সাংসদ শমীক ভট্টাচার্য, বলেন,

(বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের পর রাজ্য মন্ত্রিসভার প্রথম বৈঠক বসছে আগামী বুধবার ২৬শে জুন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে বৈঠকে উপস্থিত থাকার জন্য সব দপ্তরের মন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিব দের উপস্থিত থাকতে বলা হয়েছে। এটি হবে রাজ্য মন্ত্রিসভার ৫৬ তম বৈঠক। দীর্ঘ লোকসভা নির্বাচনের পর এই বৈঠক থেকে রাজ্যের বিভিন্ন অসমাপ্ত কর্মসূচি নিয়ে আলোচনা হতে পারে। এছাড়া নতুন কোনও প্রকল্প বা সিদ্ধান্ত গৃহীত হতে পারে বলে মনে করা হচ্ছে।

রাজ্যের বিভিন্ন পুরসভা ও পুর নিগমগুলিতে নাগরিক পরিষেবার মান পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে আগামীকাল বিকেলে নবান্ন সংলগ্ন সভাঘরে বৈঠকে উপস্থিত থাকার জন্য, বিভিন্ন পুরসভা, উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান, মেয়রের পাশাপাশি পুরমন্ত্রী ও সচিবদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে মেদায় উত্তীর্ণ হয়ে যাওয়া হাওড়া ও বালি পুরসভার নির্বাচন নিয়েও কথা হতে পারে বলে মনে করা হচ্ছে।

হাওড়ার ৫ জন বিধায়ককেও হাজির থাকতে বলা হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, চলতি সপ্তাহে নবান্নে এক প্রশাসনিক বৈঠকে পুরসভাগুলির নাগরিক পরিষেবার মান নিয়ে মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পুর পরিষেবার হাল হকিকত নিয়ে আগামী সোমবার যে বৈঠক ডাকা হয়েছে তাতে সিপিআইএম পরিচালিত তাহেরপুর পৌরসভা ও কংগ্রেস পরিচালিত ঝালদা পৌর সভার চেয়ারম্যানদের ডাকা হয়নি বলে অভিযোগ উঠেছে। এনিয়ে সিপিএম ,কংগ্রেসের পাশাপাশি বিজেপিও প্রতিবাদে সরব হয়েছে। এপ্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, যে সমস্ত পুরসভার চেয়ারম্যানদের ডাকার প্রয়োজন হয়েছে তাদেরই ডাকা হয়েছে। যাদের ডাকার প্রয়োজন হয়নি তাদের ডাকা হয়নি। এনিয়ে জটিলতার কোন প্রশ্ন নেই। ফিরহাদ হাকিম বলেন, যে সমস্ত পৌরসভা ভালো পরিষেবা দিচ্ছে তাদের ডাকার প্রয়োজন হয়নি।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত ঘরছাড়া দলীয় কর্মীদের সঙ্গে সাক্ষাৎ করতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বর্ধমানে যান। সাংবাদিকদের তিনি বলেন, দলীয় কার্যালয়ে ৬০ জন ঘরছাড়াকে আশ্রয় দেওয়া হয়েছে। লাগাতার হিংসা চললেও পুলিশ কোন ব্যবস্থা নেয়নি। অন্য রাজ্যে ভোট পরবর্তী হিংসার খবর পাওয়া না গেলেও এরাজ্যে ৩৫-শোরও বেশি মানুষ আক্রান্ত।

oooooooooooooooo

বীরভূমের নলহাটিতে রেল লাইন থেকে এক বিজেপি কর্মীর ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধারের ঘটনায় আজ ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে । প্রদীপ মাল নামে ঐ ব্যক্তি নলহাটি থানার পাইকপাড়া গ্রামের বাসিন্দা। পরিবার সূত্রে জানা গিয়েছে, পেশায় টোটো চালক প্রদীপ মাল আজ ভোরে বাড়ি থেকে বের হন। তারপর সকাল সাড়ে সাতটা নাগাদ তার ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধার হয় গ্রাম সংলগ্ন রেল লাইন থেকে। খবর পেয়ে ঘটনাস্থলে যান বিজেপির বীরভূম জেলা সভাপতি ধ্রুব সাহা। তিনি এই মৃত্যুর উপযুক্ত তদন্তের দাবি জানান। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।

ooooooooooooooooo

জনসংঘের প্রতিষ্ঠাতা, বিশিষ্ট চিন্তাবিদ ও শিক্ষাবিদ ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রয়াণ বার্ষিকীতে আজ তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। ডক্টর মুখার্জীর বলিদান দিবস উপলক্ষে দক্ষিণ দিনাজপুর জেলা বিজেপি-র কার্যালয়ে তাঁর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান, বিজেপি-র রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার।

পূর্ব মেদিনীপুরের কাঁথিতে শ্যামাপ্রসাদের মূর্তিতে মাল্যদান ও শ্রদ্ধাজ্ঞাপন করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

কলকাতায় বিজেপি-র দলীয় কার্যালয় এবং কেওড়াতলা মহাশ্মশানের দেশবন্ধু মেমোরিয়াল পার্কে তাঁর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। উপস্থিত ছিলেন রাজ্য নেতৃত্ব ও কর্মীবৃন্দ।

oooooooooooooooo

নিষিদ্ধ আন্তর্জাতিক জঙ্গি গোষ্ঠী আল কায়দার সঙ্গে যুক্ত 'আনসার অল ইসলামের' শাখা সংগঠন 'শাহাদাৎ' এর জঙ্গী মহম্মদ হাবিবুল্লার ১৪ দিনের এসটিএফ হেফাজত হয়েছে। আজ তাঁকে দুর্গাপুর এসডিজেএম আদালতে তোলা হয়।

উল্লেখ্য, গতকাল সন্ধ্যায় এসটিএফ, পশ্চিম বর্ধমানের কাঁকসার মীরে পাড়া থেকে শাহাদাৎ এর মূল পান্ডা মহম্মদ হাবিবুল্লাকে গ্রেপ্তার করে। উদ্ধার হয়েছে মোবাইল, ল্যাপটপ সহ বেশ কিছু সামগ্রী। ধৃত হাবিবুল্লা মনকড় কলেজে কম্পিউটার সায়েন্স নিয়ে পড়াশুনো করত বলে। জানা গেছে এই দলের সদস্যরা নিজের মধ্যে যোগাযোগের জন্য বিশেষ সাংকেতিক মাধ্যম "BiP" ব্যাবহার করে থাকে। ভারত ও বাংলাদেশে নাশকতামূলক কাজের সঙ্গেও এরা জড়িত বলে জানা গেছে। কাঁকসা থানায় UAPA সহ অন্য কয়েকটি ধারায় মামলা রুজু করা হয়।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার গাইঘাটায় আজ সকালে ছেলে ধরা সন্দেহে এক যুবককে বেধড়ক মারধর করে স্থানীয়রা। জানা গেছে গত কয়েকদিন ধরে ওই যুবক এলাকায় ঘুরে বেড়াচ্ছিল। এরপরই তাঁকে জিজ্ঞাসাবাদ করে সদুত্তর না মেলায় তাকে বেধড়ক মারধর করে স্থানীয়রা। পরে খবর দেওয়া হয় পুলিশে। আসলাম মন্ডল নামে ওই যুবকটির বাড়ি বাদুড়িয়া থানা

এলাকায়। জানা গেছে, অনাথ বাচ্চাদের জন্য সাহায্য চাইতে সে এলাকায় গিয়েছিল।

গতরাতে বনগাঁর ঠাকুরপল্লীতেও গণপিটুনির ঘটনা ঘটে। এই ঘটনায় এখনো পর্যন্ত ৬ জনকে গ্রেফতার করা হয়েছে বলে এস ডি পি ও অর্ক পাঁজা জানিয়েছেন। গাইঘাটার ঘটনায় দোষীদের চিহ্নিত করার কাজ চলছে বলে জানান তিনি।

যারা গুজব ছড়াচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথাও জানিয়েছেন এস ডি পি ও।

oooooooooooooooo

পশ্চিমাঞ্চলের জেলাগুলি বাদ দিয়ে গোটা রাজ্যে প্রবেশ করেছে মৌসুমী বায়ু। আজ রাতের মধ্যে রাজ্যের বাকি অংশগুলিতেও বর্ষা প্রবেশ করবে বলে জানা যাচ্ছে। তবে, আপাতত ভারী বৃষ্টিপাত নয়। বরং আজ থেকে বঙ্গে বাড়বে আপেক্ষিক আর্দ্রতাজনিত অস্বস্তি। তবে, বুধবারের পর দক্ষিণবঙ্গে বাড়তে পারে বৃষ্টি। তেমনটাই পূর্বাভাষ আবহাওয়া দফতরের।

দক্ষিণবঙ্গে কলকাতা, হাওড়া, হুগলিতে আগামী কয়েকদিন সেভাবে বৃষ্টির সম্ভাবনা নেই।

অন্যদিকে, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুরে আগামী কয়েকদিন তাপমাত্রা বাড়বে । সঙ্গে থাকবে আর্দ্রতাজনিত অস্বস্তি।

এদিকে, রবিবার জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহারে ভারী বৃষ্টি হতে পারে। এছাড়াও দার্জিলিং ও কালিম্পংয়েও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। জলপাইগুড়ি ও উত্তরের নীচের দিকের জেলাগুলিতে এদিন দমকা হাওয়াও বয়ে যেতে পারে বলে পূর্বাভাষ।

oooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে আগামী মঙ্গলবার । প্রথম ম্যাচে, মহমেডান স্পোর্টিং খেলবে উয়াড়ির বিরুদ্ধে। মোহনবাগান ও ইস্টবেঙ্গল, মরশুমের প্রথম ডার্বি ম্যাচে ১৩-ই জুলাই মুখোমুখি হবে।

oooooooooooooooooooo

ooooooooooooooooooo

oooooooooooooooooo